



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Noakhali-3814

Phone : 0321-71484
Fax : 880-032162788
Mobile : 01674-385621
E-mail : thm.nstu.bd@gmail.com
Website: www.nstu.edu.bd

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ
Department of Tourism and Hospitality
Management

স্মারক নং/নোবিপ্রবি/টিএইচএম-এমবিএ/২৩/০১/০১: ৭৬৬

তারিখ: ১০/০৫/২০২৩ ইং

এমবিএ ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগে ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (Master of Business Administration in Tourism and Hospitality Management) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ১১ মে, ২০২৩ থেকে ২৮ মে, ২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

ডিগ্রী: মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট।

ডিগ্রী সময়কাল: ১ বছর।

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে ৪ বছর মেয়াদী বিবিএ ডিগ্রীধারী হতে হবে।
- ২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ কমপক্ষে ২.২৫ থাকতে হবে, বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৩। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৪। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত বা চাকুরিরত কিনা যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের ভর্তি করা হবে।
- ৫। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি দিতে হবে।
- ৬। ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।
- ৭। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৮। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- ৪। ভর্তি ফরম ভ্রমের রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

সোহেল মো: নাফি

সভাপতি, ২০২১-২২ (এমবিএ) শিক্ষাবর্ষের ভর্তি কমিটি ও
চেয়ারম্যান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

অনুলিপি :

- ১। ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জসসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। উপাচার্য মহোদয়ের একান্তসচিব, নোবিপ্রবি।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, নোবিপ্রবি।
- ৮। বিভাগীয় নোটিশ বোর্ড।